

# আজকের সংগ্রাম পত্রিকায় ২০/০৫/২৩

## কৃষক সমাবেশ অনুষ্ঠিত

বিরামপুর (দিনাজপুর): দিনাজপুরের বিরামপুর উপজেলায় কৃষি প্রগোদ কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানে সমলয়ে চাষাবাদের ব্লক প্রদর্শনীর ক্ষেত্রে কন্বাইন্ড হার্ভেস্টারের মাধ্যমে শাক্তন ও কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বহুস্পতিবার দুপুরে উপজেলার দোশরা পলাশবাড়ী গ্রামে উপজেলা নির্বাহী কর্মকর্তা পরিমল কুমার সরকারের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির উদ্বোধন ও বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দিনাজপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক শামীম আশরাফ। এতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা ফিরোজ আহমেদ।

